# উপজেলা পরিষদের ফেব্রুয়ারি-২০২৫ মাসের সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব অহনা জিন্নাত, প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, মদন, নেত্রকোণা |
| সভার তারিখ ও সময় | : | ১৭.০২.২০২৫ খ্রিঃ, বেলা ১২.০০ টা। |
| সভার স্থান | : | উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষ |
| সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা | : | পরিশিষ্ট-ক |
| সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা | : | পরিশিষ্ট-খ |

সভায় কর্মকর্তার স্থলে উপস্থিত প্রতিনিধি সদস্যদের তালিকা: পরিশিষ্ট-গ

সভার শুরুতে প্রশাসক, উপজেলা পরিষদ, মদন, নেত্রকোণা ও সভার সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে কার্যক্রম শুরু করেন এবং আলোচ্যসূচি অনুযায়ী পরবর্তী কার্যক্রম শুরু করেন। আলোচ্যসূচি অনুযায়ী বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী/সংযোজনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিভিন্ন বিভাগের উন্নয়ন কর্মকান্ডের উপর ধারাবাহিকভাবে আলোচনা ও নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. | উপজেলা স্বাস্থ্য বিভাগঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা জানান যে, জরুরী বিভাগ, অন্ত: বিভাগ, বহির্বিভাগে রোগীদের সেবা অব্যাহত রয়েছে। গর্ভবতী মায়েদের স্বাস্থ্যসেবা নিশ্চিত করার লক্ষ্যে পৃথক এএনসি(ANC) কর্নারে সেবা অব্যাহত রয়েছে এবং শিশুদের জন্য পৃথক আইএমসিআই কর্ণারে সেবা অব্যাহত রয়েছে। অসংক্রামক রোগে আক্রান্ত (উচ্চরক্তচাপ, ডায়াবেটিস) রোগীদের সেবা দ্রুততার সহিত নিশ্চিত করার লক্ষ্যে পৃথক এনসিডি কর্ণার চালু হয়েছে। জনবল সংকট থাকায় চিকিৎসা সেবা বিঘ্নিত হচ্ছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | রোগীদের সেবার মান বাড়াতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং জন্ম নিবন্ধনের জন্য গর্ভবতী মায়েদের তালিকা সংগ্রহ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা, মদন। |
| ২. | উপজেলা কৃষি বিভাগঃ উপজেলা কৃষি কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, মদন উপজেলা একটি হাওর বেষ্ঠিত উপজেলা। মদনে ১৭৬০০ হেক্টর জমিতে বোরো আবাদ হয়। বোরো ফসল আবাদ শেষ হয়েছে। ফসল রক্ষা বাঁধগুলো কাজ দেখভালের জন্য মনিটরিং টিম গঠন করা হলে কাজের গুণগত মান বৃদ্ধি পাবে। সারের কোন সংকট নেই। ফসল উৎপাদন বৃদ্ধিতে মাঠ পর্যায়ে কর্মকর্তাবৃন্দ কাজ করে যাচ্ছে। সার বীজের কৃত্রিম সংকট রোধে মনিটরিং কার্যক্রম চলমান রয়েছে। | (ক) সার বীজের কৃত্রিম সংকট যেন সৃষ্টি না হয় সেদিকে সর্তক দৃষ্টি রাখতে হবে।<br>(খ) কৃষি উৎপাদন বাড়াতে মাঠ পর্যায়ে কৃষকদের উদ্বুদ্ধকরণে প্রয়োজনীয় পরামর্শ প্রদান কার্যক্রম চলমান রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার, মদন |
| ৩. | উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, হাঁস মুরগি ও গবাদি পশুর টিকার কার্যক্রম চলমান রয়েছে। উন্নত জাতের ঘাস চাষে খামারীদের উদ্বুদ্ধ করা হচ্ছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | (ক) হাঁস-মুরগি ও গবাদি পশুর টিকা কার্যক্রমের চলমান রাখতে হবে।<br>(খ) গবাদি পশুর রোগ-ব্যাধি কমাতে মাঠ পর্যায়ে খামারীদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মদন |
| ৪. | উপজেলা মৎস্য বিভাগঃ উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, মৎস্য চাষীদের নিয়ে সচেতনতামূলক সভা করা হচ্ছে। পুকুর জরিপ কার্যক্রম শুরু হয়েছে। | (ক) মৎস্য রক্ষা ও সংরক্ষণ আইন ১৯৫০ যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে কিনা সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) মৎস্য চাষ বাড়াতে মৎস্য চাষীদের প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়<br>(গ) সকল মৎস্যজীবী সমিতিকে নিয়ে মাছ ধরার বিষয়ে সচেতনতামূলক সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার, মদন |
| ৫. | উপজেলা প্রকৌশল বিভাগঃ উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, মদন উপজেলার বিভিন্ন ইউনিয়নের চেয়ারম্যান/প্রশাসকগণ ২০২৪-২০২৫ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)'র প্রকল্প দাখিল করেন। উক্ত প্রকল্পগুলো উপজেলা প্রকল্প যাচাই বাছাই কমিটির সভায় পাশ হয়েছে। যাচাই বাছাই কমিটির প্রকল্পসমূহ সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>মদন উপজেলার নতুন রাস্তা এলজিইডির রোড ইনভেনটরিতে অন্তর্ভূক্ত করণ সংক্রান্ত ঃ উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, মদন উপজেলার বিভিন্ন ইউনিয়নের নতুন রাস্তা এলজিইডির রোড ইনভেনটরিতে অন্তর্ভূক্ত করণের লক্ষ্যে সংশ্লিষ্ট সকল ইউপি চেয়ারম্যান/প্রশাসকগণের মাধ্যমে প্রেরিত রাস্তাগুলো পরিষদ সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন। এ বিষয়ে সভায় আলোচনা হয়। | ১। ২০২৪-২০২৫ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)'র প্রকল্পসমূহ অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। ( প্রকল্পের তালিকা পরিশিষ্ট-ঘ)। প্রকল্পসমূহ যথাযথ প্রক্রিয়ায় বিধি মোতাবেক জরুরিভিত্তিতে বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>২। মদন উপজেলার বিভিন্ন ইউনিয়নের ৩৭ (সাইত্রিশ) টি নতুন রাস্তা এলজিইডির রোড ইনভেনটরিতে অন্তর্ভূক্ত করণের লক্ষ্যে উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়। ( রাস্তার তালিকা পরিশিষ্ট-ঙ) | উপজেলা প্রকৌশলী মদন, নেত্রকোণা। |

| | | | |
|---|---|---|---|
| ৬. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, জন্ম নিয়ন্ত্রণের জন্য ওষুধ বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। | (ক) উপজেলা পরিবার পরিকল্পনার বিভাগের সেবার মান বৃদ্ধিতে কার্যক্রম গ্রহণ করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মদন |
| ৭. | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা টিআর, কাবিখা, কাবিটা'র ১ম পর্যায় ও ২য় পর্যায়ের বরাদ্দ সাপেক্ষে প্রেরিত প্রকল্পসমূহ জেলা কমিটির অনুমোদনপূর্বক কাজ সম্পন্ন করার অনুরোধ জানান। | বিধি মোতাবেক টিআর, কাবিখা, কাবিটা'র , প্রকল্পসমূহ যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয় | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মদন। |
| ৮. | উপজেলা মহিলা বিষয়ক অফিসঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, মা ও শিশু সহায়তা কার্যক্রমের মদন পৌরসভার তালিকা দ্রুত প্রেরণের অনুরোধ জানানা। | (ক) মা ও শিশু সহায়তা তহবিলের কার্যক্রম যথাসময়ে সম্পন্নকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) বাল্যবিবাহ প্রতিরোধে প্রতি মাসে প্রত্যেক ইউনিয়ন পরিষদে একটি সচেতনতামূলক সভা আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। প্রশাসক, মদন পৌরসভা।<br>২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মদন |
| ৯. | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগঃ উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, অফিসের জনবল সংকট রয়েছে। প্রাথমিক শিক্ষা পদক কাযক্রম চলমান। | (ক) বিদ্যালয়ে শিক্ষকদের নিয়মিত উপস্থিতি নিশ্চিত করতে হবে এবং সরকার নির্ধারিত সময়ে শিক্ষা কার্যক্রম পরিচালনা করতে হবে। প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে মা সমাবেশ/মতবিনিময় সভায় আয়োজন করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, মদন |
| ১০. | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, নিয়মিত শ্রেণি কার্যক্রম চলছে। নিয়মিত বিদ্যালয় মনিটরিং করা হচ্ছে। | (ক) প্রতিমাসে ০৫টি শিক্ষা প্রতিষ্ঠান ও ডিজিটাল ল্যাব পরিদর্শনপূর্বক প্রতিবেদন সভায় অবহিত করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১১. | উপজেলা সমাজসেবা বিভাগঃ উপজেলা সমাজ সেবা কর্মকর্তা জানান যে, এ উপজেলায় সমাজসেবা দপ্তর হতে বয়স্ক ভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধী ভাতা, অনগ্রসর ভাতা বেদে ভাতা, অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষা উপবৃত্তি, বেদে জনগোষ্ঠীর শিক্ষা উপবৃত্তি, প্রতিবন্ধীকে শিক্ষা উপবৃত্তি এবং হিজড়া ভাতা বাবদ ১৫০০০ হাজার ব্যক্তিকে ভাতা প্রদান করা হচ্ছে। প্রতিবন্ধী ভাতা বরাদ্দ পাওয়া গিয়াছে। দ্রুত যাচাই বাছাই করে প্রতিবন্ধী ভাতা বরাদ্দ প্রদান করা হবে। সকল ভাতা সরকারি বিধি মোতাবেক প্রদান করা হচ্ছে। | (ক) উপজেলা সমাজসেবা অফিসে ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) বয়স্কভাতা, বিধবা ও স্বামী পরিত্যক্তা ভাতা, প্রতিবন্ধী ভাতা বিধি মোতাবেক প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মদন, নেত্রকোণা। |
| ১২. | উপজেলা যুব উন্নয়ন অফিস : উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, তার দপ্তরের নিয়মিত প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। খেলাপি ঋণ আদায়ে সকলের সহযোগিতা কামনা করেন। ঋণ আদায় কার্যক্রম চলমান রয়েছে। | বেকার যুবক, যুবতীদের প্রশিক্ষণ ও সহজ শর্তে ঋণ প্রদানের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার এবং ঋন আদায় কার্যক্রম চালু রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মদন |
| ১৩. | উপজেলা পল্লী উন্নয়ন অফিস: উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, এ দপ্তরের মাধ্যমে বিভিন্ন ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম চলমান রয়েছে। খেলাপি ঋণ আদায়ে সকলের সহযোগিতা কামনা করেন। | (ক) উপজেলা পল্লী উন্নয়ন অফিসে ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) দরিদ্র জনসাধারণকে সহজ শর্তে ঋণ প্রদানের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, মদন |
| ১৪. | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, মদন শাখাঃ ব্যবস্থাপক, সভায় জানান যে, মদন উপজেলার পল্লী সঞ্চয় ব্যাংকের ১৮২ টি সমিতির ১০ হাজার উপকারভোগী রয়েছে। | (ক) উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক এর ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) সক্ষমতা যাচাইপূর্বক জনগণকে অতি দ্রুত সময়ের মধ্যে ঋণ প্রদানে আন্তরিকভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, মদন |
| ১৫. | জনস্বাস্থ্য প্রকৌশল অফিসঃ জনস্বাস্থ্য প্রকৌশলী জানান, এ উপজেলার ২৭ টি প্রাথমিক বিদ্যালয়ের ওয়শ ব্লকের কাজ চলমান রয়েছে। আরসিসি ড্রেন নির্মাণের কাজ চলমান রয়েছে। | (ক) গভীর টিউবওয়েল ও স্যানিটেশন কার্যক্রমের উপকারভোগী নির্বাচনে অবশ্যই সরকারী বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে এবং নির্বাচিত উপকারভোগীদের প্রোফাইল সভায় সকলের অবগতির জন্য উপস্থাপন করতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অফিস, মদন |
| ১৬. | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন অফিসঃ উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, দারিদ্র বিমোচনে বিভিন্ন শ্রেণি পেশার মানুষকে সহজ শর্তে ঋণ প্রদান কার্যক্রম চলমান রয়েছে। | (ক) উপজেলা দারিদ্র বিমোচন অফিসে ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) দরিদ্র জনসাধারণকে সহজ শর্তে ঋণ প্রদানের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মদন। |
| ১৭. | উপজেলা সমবায় অফিস : উপজেলা সমবায় কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | (ক) মদন উপজেলায় কতোগুলো সমবায় সমিতির আছে তার বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) সমবায় সমিতির কার্যক্রম নিয়মিত তদারকির করে বিস্তারিত সভায় অবহিত করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, মদন |
| ১৮. | মদন পৌরসভা: সচিব মদন পৌরসভা সভায় জানান যে, পৌর কর আদায়ে এবং পৌর আইন বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করেন। মদন উপজেলা পরিষদের পৌর কর বাবদ বকেয়া অর্থ পরিশোধের জন্য সভায় আলোচনা করেন। | (ক) পৌরসভার কার্যক্রম বিধিমোতাবেক পরিচালনা করে জনগণের সেবার মান বৃদ্ধির বিষয়ে পৌরসভার কর্মকর্তা/কর্মচারীগণকে আন্তরিকতার সহিত করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(খ) উপজেলা পরিষদের বকেয়া পৌর গৃহ কর বাবদ ৩৯০৯৫/- টাকা পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। প্রশাসক মদন পৌরসভা।<br>২। উপজেলা নির্বাহী অফিসার মদন, নেত্রকোণা। |
| ১৯. | চেয়ারম্যান, তিয়শ্রী ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, তার ইউনিয়নের রাস্তা ঘাট মেরামত করা প্রয়োজন। এছাড়া ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | প্রয়োজনীয় বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে গ্রামীণ কাঁচা রাস্তাসমূহ জরুরী ভিত্তিতে মেরামত করার গৃহীত হয়। | চেয়ারম্যান ০৬ নং তিয়শ্রী ইউপি, মদন |

| | | | |
|---|---|---|---|
| ২০. | চেয়ারম্যান, ফতেপুর ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, ফতেপুর ইউনিয়নে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের অধীন ওভারহেড পানির ট্যাংক নির্মাণের কাজ চলমান। কাজের আওতায় পুরাতন ইউনিয়ন পরিষদের অভ্যন্তরে ০২ টি ঝড়ে উপরে মেহগনী গাছের জন্য কাজের সমস্যা হচ্ছে। গাছগুলো নিলামে বিক্রয়ের নিমিত্ত ইউনিয়ন পরিষদের সভায় সিদ্ধান্ত গৃহিত হয়েছে। উক্ত ০২ টি মেহগনী কাজ নিলামে বিক্রয়ের বিষয়ে সভায় আলোকপাত করেন। | ফতেপুর ইউনিয়ন পরিষদের ঝড়ে উপরে পড়া ০২ টি মেহগনী গাছ নিলামে বিক্রয়ের বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা বনকর্মকর্তা মদন, নেত্রকোণা।<br>২। চেয়ারম্যান ০৮ নং ফতেপুর ইউপি, মদন |
| ২১. | উপজেলা নির্বাহী অফিসারের বাংলোর রান্না ঘর নির্মাণ সংক্রান্ত: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের বাংলোর রান্না ঘরটি জরাজীর্ণ ও ব্যবহার অনুপযোগী। তাই জরুরী ভিত্তিতে বাংলোর রান্না ঘরটি নির্মাণ করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>উপজেলা নির্বাহী অফিসারের বাংলোর নিচতলার বাথরুম নির্মাণ সংক্রান্ত: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের বাংলোর নিচতলার বাথরুমটি ব্যবহার অনুপযোগী। তাই জরুরী ভিত্তিতে বাংলোর নিচতলার বাথরুমটি নির্মাণ করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ০১। উপজেলা নির্বাহী অফিসারের বাংলোর রান্না ঘরটি উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে পিআইসি কমিটির মাধ্যমে সর্বোচ্চ ২,০০০০০/- টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে বাস্তবায়নের সবসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>০২। উপজেলা নির্বাহী অফিসারের বাংলোর নিচতলা বাথরুম উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে পিআইসি কমিটির মাধ্যমে সর্বোচ্চ ২,০০০০০/- টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে বাস্তবায়নের সবসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার মদন, নেত্রকোণা।<br>২। উপজেলা প্রকৌশলী মদন, নেত্রকোণা। |
| ২২. | উপজেলা পরিষদের ভূমি উন্নয়ন কর পরিশোধ সংক্রান্তঃ উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (ভারপ্রাপ্ত), জাহাঙ্গীরপুর ইউনিয়ন ভূমি অফিস, মদন, নেত্রকোণা ১৪৩০-১৪৩১ বাংলা সনের উপজেলা পরিষদের ভূমি উন্নয়ন কর বাবদ ১৫৯২০/- টাকা পরিশোধের জন্য পত্র প্রেরণ করেছেন। এ বিষয়ে সভায় আলোচনা হয়। | ১৪৩০-১৪৩১ বাংলা সনের উপজেলা পরিষদের ভূমি উন্নয়ন কর বাবদ ১৫৯২০/- টাকা পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার মদন, নেত্রকোণা। |
| ২৩. | উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয়, ভাইস চেয়ারম্যানের কার্যালয়ের বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ সংক্রান্তঃ উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, মদন উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয়, ভাইস চেয়ারম্যানের কার্যালয়ের ৭৪৫০৭/- টাকা বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের নিমিত্ত পত্র প্রেরণ করেছেন। এ বিষয়ে সভায় আলোচনা হয়। | উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয়, ভাইস চেয়ারম্যানের কার্যালয়ের বকেয়া বিদ্যুৎ বিল ৭৪৫০৭/- টাকা পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার মদন, নেত্রকোণা। |
| ২৪. | ঝুমুর ননজেগেটেড কোয়ার্টার মেরামত সংক্রান্তঃ প্রশাসক, উপজেলা পরিষদ সভায় জানান যে, ঝুমুর ননগেজেটেড কোয়ার্টারের ২য় তলা পশ্চিম পার্শ্ব ইউনিট (আনসারদের কোয়ার্টার) টির দরজা জানালা রান্নাঘর ও পানির লাইনের সমস্যা থাকায় জরুরী ভিত্তিতে ২৪৯০০/- টাকা ব্যয়ে মেরামত করা হয়েছে।<br>তিনি আরো জানান যে, ঝুমুর ননগেজেটেড কোয়ার্টারের নিচ তলা পশ্চিম পার্শ্ব ইউনিট টির বাথরুম ও পানির লাইনের সমস্যা থাকায় জরুরী ভিত্তিতে ২৪৯৫০/- টাকা ব্যয়ে মেরামত করা হয়েছে। এ বিষয়ে সভায় আলোচনা হয়। | ১। ঝুমুর ননগেজেটেড কোয়ার্টারের ২য় তলা পশ্চিম পার্শ্ব ইউনিট (আনসারদের কোয়ার্টার) টির দরজা জানালা রান্নাঘর ও পানির লাইন মেরামতের ২৪৯০০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>২। ঝুমুর ননগেজেটেড কোয়ার্টারের নিচ তলা পশ্চিম পার্শ্ব ইউনিট টির বাথরুম ও পানির লাইন মেরামতের ২৪৯৫০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার মদন, নেত্রকোণা। |
| ২৫. | উপজেলা পরিষদ জীপ গাড়ী মেরামত সংক্রান্তঃ প্রশাসক, উপজেলা পরিষদ সভায় জানান যে, উপজেলা পরিষদ জীপ গাড়ীটির বিভিন্ন যান্ত্রিক ত্রুটি দেখা দেয়ায় গাড়ী চালক জরুরীভিত্তিতে জীপ গাড়িটি ৯৯৫০০/- (নিরানব্বই হাজার পাঁচশত) টাকা ব্যয়ে মেরামত করেন। এ বিষয়ে সভায় আলোচনা হয়। | জীপগাড়ী মেরামত ব্যয় বিল ২০২৪-২০২৫ অর্থ বছরের উপজেলা পরিষদ রাজস্ব তহবিল এর যানবাহন মেরামত খাত হতে ৯৯৫০০/- (নিরানব্বই হাজার পাঁচশত) টাকা পরিশোধের ভূতাপেক্ষ অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার মদন, নেত্রকোণা। |

অত:পর আর কোনা আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

Ahanajinnat
২৭।২।২৫

(অহনা জিন্নাত)
প্রশাসক
উপজেলা পরিষদ
মদন, নেত্রকোণা

স্মারক নং -০৫.৪৫.৭২৫৬.০০০.০৬.০০২.১৯. ১৭৭

তারিখঃ ১৭.০২.২০২৫ খ্রি.

অনুলিপি: অবগতি ও কার্যার্থে

১. উপজেলা....................................কর্মকর্তা, মদন, নেত্রকোণা (আগামী সভার ০৩দিন পূর্বে সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি নিকস ফ্রন্টে সফটকপি ও হার্ডকপি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় মেইলে unomadan@yahoo.com প্রেরণ করতে হবে)।

২. চেয়ারম্যান (সকল)..............................ইউপি, মদন, নেত্রকোণা

৩. বেগম..............................., সংরক্ষিত আসন,...........নং ওয়ার্ড, মদন, নেত্রকোণা

৪. সংশ্লিষ্ট নথি

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে

১. সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২. জেলা প্রশাসক, নেত্রকোণা

৩. উপ-পরিচালক, স্থানীয় সরকার, নেত্রকোণা

Ahanajinnat
১৭/২/২৫

(অহনা জিন্নাত)
উপজেলা নির্বাহী অফিসার
মদন, নেত্রকোণা
unomadan@mopa.gov.bd

উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-ক

| কর্মকর্তা | জনপ্রতিনিধি |
|---|---|
| ১. উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | ১. প্রশাসক, মদন পৌরসভা |
| ২. উপজেলা কৃষি কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | ২. চেয়ারম্যান, ০৬ নং তিয়শ্রী ইউনিয়ন পরিষদ |
| ৩. উপজেলা মৎস্য কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | ৩. প্রশাসক, ০১নং কাইটাইল ইউনিয়ন পরিষদ |
| ৪. উপজেলা প্রকৌশলী (এলজিইডি), মদন, নেত্রকোণা। | ৪. প্রশাসক, ০৪ নং গোবিন্দশ্রী ইউনিয়ন পরিষদ |
| ৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | ৫. প্রশাসক, ০৭ নং নায়েকপুর ইউনিয়ন পরিষদ |
| ৬. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মদন নেত্রকোণ। | ৬. প্রশাসক, ০৫ নং মাঘান ইউনিয়ন পরিষদ |
| ৭. উপজেলা পল্লী দারিদ্র বিচমোচন কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | ৭. প্রশাসক, ০৩ নং মদন ইউনিয়ন পরিষদ |
| ৮. উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, মদন, নেত্রকোণা | ৮. চেয়ারম্যান, ০৮ নং ফতেপুর ইউনিয়ন পরিষদ |
| ৯. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মদন, নেত্রকোনা। | |
| ১০. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | |
| ১১. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | |
| ১২. ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, মদন, নেত্রকোণা। | |
| ১৩. উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, মদন, নেত্রকোণা। | |
| ১৪. উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | |
| ১৫. উপজেলা সমবায় কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | |
| ১৬. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | |
| ১৭. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মদন, নেত্রকোণা | |

অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-খ

| কর্মকর্তা | জনপ্রতিনিধি |
|---|---|
| | ১. চেয়ারম্যান, ০২নং চানগাঁও ইউনিয়ন পরিষদ |

কর্মকর্তা ব্যতিত উপস্থিত প্রতিনিধি সদস্যদের তালিকা পরিশিষ্ট-গ

| কর্মকর্তা | জনপ্রতিনিধি |
|---|---|
| | |

২৭/২/২৫

(অইনা জিন্নাত)
উপজেলা নির্বাহী অফিসার
মদন, নেত্রকোণা।